University of Dhaka
1921-2021
ঢাকা বিশ্ববিদ্যালয়

মুজিব শতবর্ষ MUJIB 100

# ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩৬ বর্ষ ৮ম সংখ্যা ওয়েবসাইট : http://www.du.ac.bd (DU Barta) ৩১ শ্রাবণ ১৪২৯, ১৫ আগস্ট ২০২২

## উপাচার্য ২য় বার এসিইউ'র কাউন্সিল মেম্বার নির্বাচিত



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ২য় বার 'অ্যাসোসিয়েশন অফ কমনওয়েলথ্ ইউনিভার্সিটিজ (এসিইউ)-এর কাউন্সিল মেম্বার নির্বাচিত হয়েছেন। এর আগে উপাচার্য ২০১৯ সালের জুলাই মাসে তিন বছরের জন্য ১ম বার এসিইউ-এর কাউন্সিল মেম্বার নির্বাচিত হন। কাউন্সিল মেম্বার হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের জন্য যুক্তরাজ্যের লন্ডন ভিত্তিক এসিইউ কর্তৃপক্ষ তাঁকে ২য় মেয়াদে নির্বাচিত করে।

এছাড়া, আগামী ২৩-২৪ নভেম্বর ২০২২ তারিখে লন্ডনে অনুষ্ঠেয় এসিইউ'র পরবর্তী কাউন্সিল সভায় যোগদানের জন্য উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানকে আমন্ত্রণ জানানো হয়। তিনি এই আমন্ত্রণ সাদরে গ্রহণ করেন।

গত ২৮ জুলাই ২০২২ এসিইউ'র কাউন্সিল সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ভার্চুয়ালি অংশগ্রহণ করেন। তিনি নির্ধারিত আলোচ্যসূচি বিশেষ করে 'দি রোড টু ২০৩০', 'সেফগার্ডিং এন্ড সিরিয়াস ইন্সিডেন্ট রিপোর্ট' এবং 'রিস্ক রেজিস্টার এন্ড রিস্ক ম্যানেজমেন্ট পলিসি' নিয়ে মূল্যবান মতামত প্রদান করেন। এছাড়াও, তিনি পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিশেষ করে উচ্চশিক্ষার জন্য বিভিন্ন স্কলারশিপ ও কমনওয়েলথভুক্ত বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে নেটওয়ার্কিং বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন।

## বঙ্গমাতা'র জীবন ও কর্ম থেকে নারীরা আত্মত্যাগের শিক্ষা নিতে পারেন—প্রধানমন্ত্রী





প্রধানমন্ত্রী শেখ হাসিনা মহীয়সী নারী বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিবের জীবন ও কর্ম থেকে শিক্ষা গ্রহণের জন্য বাংলাদেশ তথা বিশ্বের নারী সমাজের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, দেশ ও মানুষের জন্য কিভাবে আত্মত্যাগ করতে হয়, নারীরা তা বঙ্গমাতার জীবন থেকে শিক্ষা নিতে পারেন। গত ৭ আগস্ট ২০২২ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে ঢাকা বিশ্ববিদ্যালয় 'বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা সেন্টার ফর জেন্ডার এন্ড ডেভেলপমেন্ট স্টাডিজ'-এর উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। এসময় প্রধানমন্ত্রী সেন্টারের উদ্যোগে আয়োজিত 'বঙ্গমাতা : এ প্যারাগন অব উইমেন লিডারশিপ এন্ড ন্যাশন-বিল্ডিং ইন বাংলাদেশ' শীর্ষক দু'দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলনও উদ্বোধন করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল এবং কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। খ্যাতিমান কথা সাহিত্যিক ও বাংলা একাডেমির সভাপতি মিসেস সেলিনা হোসেন মূল প্রবন্ধ উপস্থাপন করেন। স্বাগত বক্তব্য দেন বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা সেন্টার ফর জেন্ডার এন্ড ডেভেলপমেন্ট স্টাডিজ-এর পরিচালক অধ্যাপক ড. তানিয়া হক।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব জাতির পিতার পাশে থেকে আন্দোলন-সংগ্রামে অনুপ্রেরণা ও সাহস জুগিয়েছেন। বঙ্গবন্ধু রাজবন্দী থাকাকালে তিনি বিভিন্ন মামলা মোকাবেলা, সংসার দেখাশোনা এবং দলীয় কর্মীদের আর্থিক সহযোগিতা প্রদান করতেন। সংসারের কোন ব্যাপারে তিনি বঙ্গবন্ধুকে বিরক্ত করতেন না। জেলখানা থেকে বঙ্গবন্ধুর বিভিন্ন বার্তা সংগ্রহ করে তিনি দলীয় নেতাকর্মীদের কাছে পৌঁছে দিতেন। তিনি বলেন, বঙ্গমাতা সংসার, রাজনীতিসহ প্রতিটি ক্ষেত্রে সঠিক ও সময়োপযোগী সিদ্ধান্ত নিয়েছেন। বঙ্গমাতার নামে ঢাকা বিশ্ববিদ্যালয়ে সেন্টার প্রতিষ্ঠার জন্য তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে বলেন, ৫২'র ভাষা আন্দোলন, মহান মুক্তিযুদ্ধসহ ইতিহাসের প্রতিটি পরতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনন্য অবদান রয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ বঙ্গবন্ধু পরিবারের অনেক সদস্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ছিলেন। নিজেও এই বিশ্ববিদ্যালয়ের একজন প্রাক্তন ছাত্রী হিসেবে গর্ব অনুভব করেন বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষে বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা সেন্টার ফর জেন্ডার এন্ড ডেভেলপমেন্ট স্টাডিজ একটি গুরুত্বপূর্ণ সংযোজন। বঙ্গমাতার নামে প্রতিষ্ঠিত এ সেন্টার জেন্ডার এন্ড ডেভেলপমেন্ট বিষয়ক গবেষণায় অগ্রণী ভূমিকা পালন করবে এবং ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে কার্যকর অবদান রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন।

উদ্বোধনী অনুষ্ঠানের পর সম্মেলনের দু'টি সেশনে ৪টি প্রবন্ধ উপস্থাপন করা হয়।

## ডেপুটি স্পিকার ফজলে রাব্বী মিয়া-এর মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ



জাতীয় সংসদের ডেপুটি স্পিকার অ্যাডভোকেট মো. ফজলে রাব্বী মিয়া-এর মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন।

গত ২৩ জুলাই ২০২২ এক শোকবাণীতে উপাচার্য বলেন, মহান মুক্তিযুদ্ধের একজন অন্যতম সংগঠক ফজলে রাব্বী মিয়া ছিলেন বিদগ্ধ পার্লামেন্টারিয়ান ও বয়োজ্যেষ্ঠ খ্যাতিমান রাজনীতিবিদ। তিনি গাইবান্ধা-৫ আসন থেকে বহুবার বিপুল জনসমর্থনে সংসদ সদস্য নির্বাচিত হন। বাংলাদেশ সরকারের আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়সহ জাতীয় সংসদের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে তিনি অত্যন্ত নিষ্ঠা ও দক্ষতার সাথে কাজ করেন। অসাম্প্রদায়িক ও মানবিক মূল্যবোধসম্পন্ন বিজ্ঞ এই রাজনীতিবিদ ধর্মীয় মূল্যবোধ প্রতিপালনেও বিশেষ যত্নশীল ছিলেন। চলনে ও বলনে তিনি সবসময়ই সংসদীয় রীতিনীতি ও মূল্যবোধ গভীরভাবে মেনে চলতেন। তিনি ছিলেন পরিশীলিত ও রসবোধসম্পন্ন একজন প্রজ্ঞাবান মানুষ। অত্যন্ত সৎ, বিনয়ী ও সজ্জন এই বিজ্ঞ রাজনীতিবিদের মৃত্যুতে দেশ একজন প্রকৃত দেশপ্রেমিক এবং নীতিবান রাজনীতিবিদকে হারালো।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

উল্লেখ্য, ফজলে রাব্বী মিয়া গত ২৩ জুলাই ২০২২ শনিবার যুক্তরাষ্ট্রের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৬ বছর।

## dubd21 সফ্টওয়্যার উদ্বোধন




বাংলা টেক্সট সিমিলারিটি নির্ণয়ের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় উদ্ভাবিত বিশেষ সফ্টওয়্যার 'dubd21' উদ্বোধন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২ আগস্ট ২০২২ অধ্যাপক আবদুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই সফ্টওয়্যার উদ্বোধন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই সফট্ওয়্যার উদ্ভাবনের জন্য গবেষকদের অভিনন্দন জানিয়ে বলেন, এটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের মৌলিক গবেষণার ক্ষেত্রে একটি অসাধারণ অর্জন। এই সফট্ওয়্যার ব্যবহারের মাধ্যমে বাংলায় রচিত এমফিল ও পিএইচডি থিসিস, জার্নাল, প্রবন্ধ, নিবন্ধ, শিক্ষার্থীদের থিসিস, অ্যাসাইনমেন্টসহ সংশ্লিষ্ট গবেষণা পত্রের তথ্যসূত্র যাচাই এবং বাংলা টেক্সট সিমিলারিটি নির্ণয় করা যাবে। শিক্ষার গুণগত মানোন্নয়ন এবং মৌলিক ও প্রায়োগিক গবেষণার ক্ষেত্রে এই সফট্ওয়্যার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এ ধরণের মৌলিক উদ্ভাবন ঢাকা বিশ্ববিদ্যালয়ের র‌্যাংকিং-এর উন্নয়নে অবদান রাখবে এবং দেশের সার্বিক উন্নয়নেও এর প্রভাব পড়বে বলে তিনি আশা প্রকাশ করেন। তিনি বলেন, এই সফট্ওয়্যার ব্যবহারের মাধ্যমে গবেষকরা পূর্বে প্রকাশিত সমধর্মী কাজ সম্পর্কে জানতে পারবেন। একইসঙ্গে শিক্ষক, গবেষক ও শিক্ষার্থীরা মৌলিক গবেষণা পরিচালনার ক্ষেত্রে আরও সচেতন হবেন।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় তথ্য প্রযুক্তি ইনস্টিটিউটের সহকারী অধ্যাপক আব্দুস সাত্তারের নেতৃত্বে একটি গবেষকদল সফট্ওয়্যারটি উদ্ভাবন করেছে। উদ্বোধনী অনুষ্ঠানে সহকারী অধ্যাপক আব্দুস সাত্তার সফ্টওয়্যারটির ব্যবহার সম্পর্কিত বিস্তারিত তথ্য উপস্থাপন করেন। এসময় বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক, প্রক্টর এবং অফিস প্রধানগণ উপস্থিত ছিলেন।

## ২২জন গবেষকের পিএইচ.ডি. ডিগ্রি অর্জন

ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সম্প্রতি ২২জন গবেষক পিএইচ.ডি এবং ২জন ডিবিএ ডিগ্রি অর্জন করেছেন। গত ২৬ জুলাই ২০২২ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের এক সভায় তাদের এসব ডিগ্রি প্রদান করা হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সভায় সভাপতিত্ব করেন।

পিএইচ.ডি. ডিগ্রি প্রাপ্তরা হলেন- বাংলা বিভাগের অধীনে কানিজ ফাতেমা, ইসলামিক স্টাডিজ বিভাগের অধীনে মো. সেলিম-উল ইসলাম সিদ্দিকী, মুহাম্মদ নূরুল্লাহ, মো. মাইন উদ্দিন, মুহাম্মদ মুনিরুজ্জামান, সংগীত বিভাগের অধীনে শেখ খালিদ হাসান, আহমেদ শাকিল হাসমী, ইসলামের ইতিহাস (২য় পৃষ্ঠায় দেখুন)

## আগামী ৭ সেপ্টেম্বর ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ক্লাস শুরু

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২১-২২ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ক্লাস আগামী ৭ সেপ্টেম্বর ২০২২ বুধবার থেকে শুরু হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে গত ৪ আগস্ট ২০২২ অনুষ্ঠিত ডিনস্ কমিটির এক সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়।

এছাড়া, কোভিড-১৯ মহামারি পরিস্থিতির কারণে শিক্ষা কার্যক্রম বন্ধ থাকাকালীন মার্চ ২০২০ থেকে ২০২১ সালে বিশ্ববিদ্যালয়ে শিক্ষার স্বাভাবিক কার্যক্রম পুনরায় আরম্ভ না হওয়া পর্যন্ত ২০১৯-২০ শিক্ষাবর্ষে ভর্তির সময় শিক্ষার্থীদের প্রদত্ত আবাসন ফি এবং পরিবহন ফি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মওকুফ করেছে। উক্ত আবাসন ফি ও পরিবহন ফি সমন্বয় করে স্ব স্ব বিভাগ ও ইনস্টিটিউটের মাধ্যমে শিক্ষার্থীদের ফেরত দেয়া হচ্ছে। নিজ নিজ বিভাগ ও ইনস্টিটিউটে যোগাযোগ করে মওকুফকৃত উল্লেখিত ফি'র চেক গ্রহণের জন্য শিক্ষার্থীদের পরামর্শ দেওয়া হচ্ছে।

উল্লেখ্য, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ভর্তির সময় ১ম বর্ষ থেকে ৪র্থ বর্ষ, ৫ম বর্ষ (ফার্মেসী) এবং মাস্টার্স শ্রেণির শিক্ষার্থীদের কাছ থেকে আবাসন ফি ও পরিবহন ফি নেয়া হয়েছিল।

# নৃত্যকলা বিভাগে আধুনিকায়িত ও সুসজ্জিত কক্ষসমূহ উদ্বোধন



ঢাকা বিশ্ববিদ্যালয় নৃত্যকলা বিভাগের আধুনিকায়িত ও সুসজ্জিত কক্ষসমূহের উদ্বোধন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ১০ আগস্ট ২০২২ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিভাগের ব্যবহারিক শ্রেণীকক্ষ, বিভাগীয় অফিস কক্ষ এবং চেয়ারপার্সনের কক্ষ উদ্বোধন করেন।

বিভাগীয় চেয়ারপার্সন মনিরা পারভীনের সভাপতিত্বে অনুষ্ঠানে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুল বাছির, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানীসহ বিভিন্ন বিভাগের চেয়ারম্যান ও শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবসহ ১৯৭৫ সালের ১৫ আগস্টের সকল শহিদের অমর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। তিনি এই কক্ষসমূহের আধুনিকায়নের সঙ্গে সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান। শিল্প-সাংস্কৃতিক কর্মকাণ্ডে ব্যক্তি পর্যায়ে অংশগ্রহণের পাশাপাশি প্রাতিষ্ঠানিকভাবে অংশগ্রহণের উপর তিনি গুরুত্বারোপ করেন। তিনি বলেন, এই কক্ষসমূহের আধুনিকায়ন অন্তর্ভুক্তিমূলক ও গুণগত মানসম্পন্ন শিক্ষার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। সুসজ্জিত ও আধুনিক কক্ষসমূহের সর্বোত্তম ব্যবহার করার জন্য উপাচার্য বিভাগের শিক্ষক, শিক্ষার্থীসহ সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান।

# সুফিয়া কামাল স্মারক বিতর্ক উৎসব সমাপ্ত



কবি সুফিয়া কামাল হল ডিবেটিং ক্লাবের উদ্যোগে ‘৩য় সুফিয়া কামাল স্মারক বিতর্ক উৎসব ২০২২’ শেষ হয়েছে। প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল গত ৩১ জুলাই ২০২২ হল মিলনায়তনে আয়োজিত সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। হল ডিবেটিং ক্লাবের সভাপতি অনুভা আফসানার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশিষ্ট চারুশিল্পী সাঈদা কামাল এবং হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. তৌহিদা রশীদ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন

# অভ্যন্তরীণ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত




ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২২-২০২৩ অর্থ বছরের অভ্যন্তরীণ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষরিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে গত ১৮ জুলাই ২০২২ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক অনুষ্ঠানে এই চুক্তি স্বাক্ষর করা হয়। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের সঙ্গে সকল অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক ও অফিস প্রধানগণ পৃথক পৃথকভাবে এই চুক্তিতে স্বাক্ষর করেন। অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের দাপ্তরিক কার্যক্রমে শুদ্ধাচার চর্চার স্বীকৃতিস্বরূপ ৫জন কর্মকর্তা-কর্মচারীকে ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়। প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ এবং প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, অভ্যন্তরীণ বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ও একাডেমিক কর্মকাণ্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে। শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জনেও এই চুক্তি সহায়ক ভূমিকা পালন করবে বলে তিনি আশা প্রকাশ করেন। শুদ্ধাচার পুরস্কারপ্রাপ্তদের অভিনন্দন জানিয়ে উপাচার্য বলেন, এতে বিশ্ববিদ্যালয়ের অন্য কর্মকর্তা-কর্মচারীরাও অনুপ্রাণিত হবেন। স্বচ্ছ ও জবাবদিহিতামূলক সমাজ বিনির্মাণে ভূমিকা রাখার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান।

শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তরা হলেন সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস-এর চীফ সায়েন্টিস্ট ড. গাজী নুরুন নাহার সুলতানা, ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের উপ-গ্রন্থাগারিক মো. নোমান হোসেন, শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক সরদার মোহাম্মদ আসাদুজ্জামান এবং সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস-এর প্রধান সহকারী হীরু বড়ুয়া ও বার্তাবাহক মো. মুনির হোসেন।

# ২২জন গবেষকের পিএইচ.ডি. ডিগ্রি অর্জন

(১ম পৃষ্ঠার পর) ও সংস্কৃতি বিভাগের অধীনে সুফিয়া খাতুন, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধীনে তাসনীম তাহের, সমাজবিজ্ঞান বিভাগের অধীনে মো. মাহমুদ হাসান, রসায়ন বিভাগের অধীনে অনাথ চন্দ্র রায়, গণিত বিভাগের অধীনে জান্নাতুন নাঈম, উদ্ভিদ বিজ্ঞান বিভাগের অধীনে মোহাম্মদ আতাউর রহমান, অণুজীব বিজ্ঞান বিভাগের অধীনে খন্দকার ফাহ্মিদা সুলতানা, সালমা আক্তার, ফারজানা দীবা, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের অধীনে সাদিয়া ইসফাত আরা রহমান, ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের অধীনে মো. শাহানূর হোসেন, ওষুধ প্রযুক্তি বিভাগের অধীনে মো. রেজওয়ানুর রহমান, ভাস্কর্য বিভাগের অধীনে নাসিমা হক মিতু, মাসুদা খাতুন জুঁই এবং ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি ইনস্টিটিউটের অধীনে প্রতিমা দেব।

ডি.বি.এ ডিগ্রি প্রাপ্তরা হলেন- ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের অধীনে রুমানা আফরিন এবং মো. সামসুজ্জামান।

# বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল

(চতুর্থ পৃষ্ঠার পর) ছিলেন। অনুষ্ঠানে ‘বঙ্গমাতা: কোমলে-কঠোরে শুদ্ধতা ও প্রজ্ঞার প্রতীক’ শীর্ষক স্মারক বক্তৃতা প্রদান করেন জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান নাছিমা বেগম। স্বাগত বক্তব্য রাখেন হলের সহকারী আবাসিক শিক্ষক অধ্যাপক ড. জোবাইদা নাসরীন। অনুষ্ঠানে বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, ঢাবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, প্রক্টর ও অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবসহ ১৯৭৫ সালের ১৫ আগস্টের সকল শহিদের অমর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। তিনি স্মারক বক্তাকে ধন্যবাদ এবং স্বর্ণপদক ও বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, বঙ্গবন্ধু’র সকল আন্দোলন-সংগ্রামে বঙ্গমাতা’র অবদান অনন্য ও ইতিহাস স্বীকৃত। বঙ্গমাতা তাঁর জ্যোতিতে আলোকিত করেছেন জাতির পিতাকে, তাঁর পরিবারকে, দলকে এবং সর্বোপরি বাঙালিকে। তাঁর পরিশীলিত ও শুদ্ধ জীবন-যাপন, প্রজ্ঞা, মানবদরদ ও রাজনৈতিক বিচক্ষণতা থেকে আমরা প্রতিকূল পরিস্থিতি মোকাবেলা এবং অনাকাঙ্ক্ষিত ঘটনা এড়িয়ে যাওয়ার শিক্ষা পাই। বঙ্গমাতার আদর্শ ধারণ করে দেশ সেবায় এগিয়ে আসার জন্য উপাচার্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

স্বর্ণপদকপ্রাপ্ত তাহিয়া তাহরীম দর্শন বিভাগের এবং তন্বী রহমান চীনা ভাষা ও সংস্কৃতি বিভাগের শিক্ষার্থী। ২০১৮ সালের বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের আয়েশা মাহামুদ, ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের জান্নাতুল ফেরদৌস মৌ ও মোসাঃ তানিয়া আক্তার, ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের আফ্রিন রহমান মিলি, এবং রাষ্ট্রবিজ্ঞান বিভাগের রিমা ইসলাম। ২০১৯ সালের বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের মোছাঃ রোশনী খাতুন, ফিন্যান্স বিভাগের জান্নাতুল নাসরিন এবং লেদার প্রডাক্টস্ ইঞ্জিনিয়ারিং-এর নাজিয়া আফরিন জেসি, ফারহানা শারমিন ও সাজনীন আক্তার মুনমুন।

# আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা শুরু

ঢাকা বিশ্ববিদ্যালয়ে আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা ২০২২-২৩ শুরু হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ১০ আগস্ট ২০২২ কেন্দ্রীয় খেলার মাঠে প্রধান অতিথি হিসেবে উপস্থিত হয়ে এই প্রতিযোগিতা উদ্বোধন করেন। এই প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের ৮৩টি ফুটবল টিম অংশগ্রহণ করছে। ঢাকা বিশ্ববিদ্যালয় জাপানিজ স্টাডিজ বিভাগ এবং আরবি বিভাগের মধ্যে উদ্বোধনী ম্যাচ অনুষ্ঠিত হয়।



ঢাকা বিশ্ববিদ্যালয় ফুটবল কমিটির সভাপতি অধ্যাপক ড. মোহাম্মদ বাহাউদ্দিন-এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা অধ্যাপক ড. অসীম সরকার স্বাগত বক্তব্য রাখেন। এসময় বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, ঢাবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক এবং বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবসহ ১৯৭৫ সালের ১৫ আগস্টের সকল শহিদের অমর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। তিনি বলেন, ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন ও অন্তর্ভুক্তিমূলক সমাজ বিনির্মাণে খেলাধুলাসহ সহশিক্ষা কার্যক্রমের ভূমিকা গুরত্বপূর্ণ। শ্রেণিকক্ষ ও গবেষণাগারের পাশাপাশি শিক্ষার্থীরা ক্রীড়া কার্যকলাপেও অংশগ্রহণ করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। পড়াশুনার পাশাপাশি শিল্প, সংস্কৃতি ও খেলাধুলাসহ সহশিক্ষা কার্যক্রমে নিজেদের সম্পৃক্ত রেখে উদার, অসাম্প্রদায়িক ও মানবিক মূল্যবোধ সম্পন্ন মানুষ হিসেবে গড়ে ওঠার জন্য উপাচার্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

উল্লেখ্য, করোনা মহামারির কারণে দীর্ঘদিন বন্ধ থাকার পর এই আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতার মধ্যে দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সার্বিক ক্রীড়া কার্যক্রম শুরু হলো।

# বিজ্ঞানী ড. এ এম চৌধুরী’র স্মরণে আলোচনা সভা অনুষ্ঠিত



ঢাকা বিশ্ববিদ্যালয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের উদ্যোগে গত ৩১ জুলাই ২০২২ বিভাগীয় মিলনায়তনে প্রখ্যাত মহাকাশ বিজ্ঞানী ও স্পারসো’র সাবেক চেয়ারম্যান ড. এ এম চৌধুরীর স্মরণে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

বিভাগীয় চেয়ারপার্সন অধ্যাপক ড. তৌহিদা রশীদের সভাপতিত্বে আলোচনা সভায় স্পারসো’র চেয়ারম্যান মো. আব্দুস সামাদ ও প্রাক্তন বৈজ্ঞানিক কর্মকর্তা অধ্যাপক ড. দেওয়ান আব্দুল কাদির বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া, অনুষ্ঠানে ড. এ এম চৌধুরীর পুত্র অনির চৌধুরী এবং মৃদুল চৌধুরী বক্তব্য রাখেন।

প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল প্রখ্যাত মহাকাশ বিজ্ঞানী ড. এ এম চৌধুরীর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, তিনি আবহাওয়া বিজ্ঞান বিষয়ক গবেষণার মাধ্যমে মানব কল্যাণ ও দেশের মানুষের জন্য কাজ করে গেছেন। তাঁর আবিস্কৃত তত্ত্ব শুধু বাংলাদেশেই নয় বরং বিশ্বের বিভিন্ন দেশে সাইক্লোনসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলছে। ড. এ এম চৌধুরীর আদর্শে অনুপ্রাণিত হয়ে জ্ঞানের নতুন দিগন্ত উন্মোচন করার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

উল্লেখ্য, অনুষ্ঠানে প্রয়াত ড. এ এম চৌধুরীর ইচ্ছা অনুযায়ী তাঁর সংগ্রহে থাকা মূল্যবান প্রায় ৫শত বই আবহাওয়া বিজ্ঞান বিভাগের শিক্ষক, গবেষক ও শিক্ষার্থীদের ব্যবহারের জন্য বিভাগে হস্তান্তর করা হয়।



কবি জসীম উদ্‌দীন হল ডিবেটিং ক্লাবের উদ্যোগে ৩-দিনব্যাপী ‘ত্রয়োদশ পল্লীকবি আন্তঃক্লাব বিতর্ক প্রতিযোগিতা ১৪২৭’ অনুষ্ঠিত হয়। প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল গত ২৮ জুলাই ২০২২ হল মিলনায়তনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন। এসময় অন্যান্যর মধ্যে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ উপস্থিত ছিলেন।

# উপাচার্যের সাথে বিদেশী অতিথিদের সাক্ষাৎ

## নেদারল্যান্ডসের রাষ্ট্রদূত

বাংলাদেশে নিযুক্ত নেদারল্যান্ডসের রাষ্ট্রদূত মি. অ্যান ভ্যান লিউয়েন গত ১০ আগস্ট ২০২২ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণিবিদ্যা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. নিয়ামুল নাসেরসহ বিভাগের কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে নেদারল্যান্ডসের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর ব্যাপারে মত বিনিময় করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান রাষ্ট্রদূতকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংক্ষিপ্ত ইতিহাস সম্পর্কে অবহিত করেন। তিনি বলেন, নেদারল্যান্ডস বাংলাদেশের গুরুত্বপূর্ণ উন্নয়ন সহযোগী দেশ। ঢাকা বিশ্ববিদ্যালয় এবং নেদারল্যান্ডসের শীর্ষস্থানীয় বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে যৌথ শিক্ষা ও মৌলিক গবেষণা কার্যক্রম চালুর লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপাচার্য নেদারল্যান্ডসের রাষ্ট্রদূতের প্রতি আহ্বান জানান।

রাষ্ট্রদূত মি. অ্যান ভ্যান লিউয়েন বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার দক্ষ ও গতিশীল নেতৃত্বে বাংলাদেশ সর্বক্ষেত্রে অভূতপূর্ব সাফল্য অর্জন করছে। ঢাকা বিশ্ববিদ্যালয় বিশেষ করে প্রাণিবিদ্যা বিভাগের সঙ্গে নেদারল্যান্ডসের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের যৌথ শিক্ষা ও গবেষণামূলক কার্যক্রম চালুর ব্যাপারে গভীর আগ্রহ প্রকাশ করে তিনি বলেন, এ ব্যাপারে তাঁর দূতাবাস সর্বাত্মক সহযোগিতা করবে।

উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম গ্রহণের ব্যাপারে গভীর আগ্রহ প্রকাশ করায় নেদারল্যান্ডসের রাষ্ট্রদূতকে আন্তরিক ধন্যবাদ জানান।

এর আগে নেদারল্যান্ডসের রাষ্ট্রদূত মি. অ্যান ভ্যান লিউয়েন ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণিবিদ্যা বিভাগ পরিদর্শন করেন এবং বিভাগীয় শিক্ষকবৃন্দের সঙ্গে বিভিন্ন বিষয় নিয়ে মতবিনিময় করেন।

## বৃটিশ কাউন্সিল কান্ট্রি ডিরেক্টর

বৃটিশ কাউন্সিলের কান্ট্রি ডিরেক্টর টম মিসিওসিয়া গত ১০ আগস্ট ২০২২ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় বৃটিশ কাউন্সিলের ফ্যাসিলিটিজ ও সিকিউরিটি শাখার প্রধান তওফিক ওয়াহিদ তার সঙ্গে ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষপূর্তি উদ্‌যাপন উপলক্ষ্যে চলতি বছর নভেম্বর মাসে লন্ডনে একটি সম্মেলন আয়োজনের ব্যাপারে আলোচনা করেন। উল্লেখ্য, Her Royal Highness Princess Anne Elizabeth Alice Louise এই সম্মেলন উদ্বোধন করবেন বলে আশা করা যাচ্ছে। এছাড়া, আগামী নভেম্বর মাসের শেষ সপ্তাহে সিঙ্গাপুরে অনুষ্ঠেয় বৈশ্বিক উচ্চশিক্ষা বিষয়ক উপাচার্যদের সম্মেলনে যোগদানের জন্য বৃটিশ কাউন্সিলের কান্ট্রি ডিরেক্টর ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে আমন্ত্রণ জানান। এই আমন্ত্রণের জন্য উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বৃটিশ কাউন্সিলের কান্ট্রি ডিরেক্টরকে ধন্যবাদ দেন।

## কোইকা প্রতিনিধিদল

কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সির (কোইকা) কান্ট্রি ডিরেক্টর ডো-ইয়ংআ-এর নেতৃত্বে ১১-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১১ আগস্ট ২০২২ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় ইনোভেশন, ক্রিয়েটিভিটি এন্ড এন্টারপ্রিনিউরশিপ সেন্টারের ভাইস-চেয়ারম্যান অধ্যাপক ড. খন্দকার বজলুল হক, নির্বাহী পরিচালক সহযোগী অধ্যাপক মো: রাশেদুর রহমানসহ কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা ঢাকা বিশ্ববিদ্যালয়ে চলমান "Capacity Building of Universities in Bangladesh to Promote Youth Entrepreneurship" শীর্ষক পাইলট প্রকল্পের সার্বিক উন্নয়ন ও অগ্রগতি নিয়ে আলোচনা করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষপূর্তি উৎসব কর্মসূচির অংশ হিসেবে গত ০৪ ডিসেম্বর ২০২১ তারিখে এই প্রকল্প উদ্বোধন করা হয়। উল্লেখ্য, শিক্ষা ও গবেষণার মানোন্নয়ন এবং উদ্ভাবনী দক্ষতা অর্জনের লক্ষ্যে কোইকার আর্থিক সহযোগিতায় এই পাইলট প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে।

## পর্তুগালের ইউবিআই অধ্যাপক

পর্তুগালের ইউনিভার্সিটি অব বেইরা ইন্টেরিয়র (ইউবিআই)-এর অধ্যাপক ড. ক্যাটরিনা মৌরা গত ২৭ জুলাই ২০২২ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মুহা. রুহুল আমিন এবং জনসংযোগ দফতরের পরিচালক মাহমুদ আলম উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ইউনিভার্সিটি অব বেইরা ইন্টেরিয়র-এর মধ্যে শিক্ষক বিনিময়সহ চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম নিয়ে মত বিনিময় করেন। উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ সহযোগিতামূলক শিক্ষা কার্যক্রম আরও জোরদার করার ব্যাপারে তাঁরা গুরুত্বারোপ করেন। এছাড়া, উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষার্থী বিনিময়ের সম্ভাব্যতা নিয়েও তাঁরা আলোচনা করেন।

অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর সাথে যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম জোরদার করার ব্যাপারে আগ্রহ প্রকাশ করায় অধ্যাপক ড. ক্যাটরিনা মৌরাকে আন্তরিক ধন্যবাদ জানান।

উল্লেখ্য, অধ্যাপক ড. ক্যাটরিনা মৌরা গত ২৪ জুলাই ২০২২ এবং গত ২৬ জুলাই ২০২২ ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের উদ্দেশ্যে দু'টি বিশেষ বক্তৃতা প্রদান করেন।

## স্পেনের অধ্যাপকদ্বয়

স্পেনের 'ইউনিভার্সিটি অব সান্তিয়াগো ডি কম্পোসটেলা' এর অধ্যাপক সান্তিয়াগো ফার্নান্দেজ মস্কেরা এবং 'ইউনিভার্সিটি অব করোনা' এর অধ্যাপক মারিয়া জোসেফা মার্টিনেজ লোপেজ গত ৩১ জুলাই ২০২২ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটের অধ্যাপক আমপারো পোর্টো রিভাস উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং স্পেনের 'ইউনিভার্সিটি অব সান্তিয়াগো ডি কম্পোসটেলা' ও 'ইউনিভার্সিটি অব করোনা' এর মধ্যে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম নিয়ে আলোচনা করেন। এসময় তাঁরা এই ৩টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও জোরদার করার উপর গুরুত্বারোপ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটে স্প্যানিশ ভাষা শিক্ষা কার্যক্রমের আরও উন্নয়ন ও সম্প্রসারণের বিষয়েও তাঁরা ফলপ্রসু আলোচনা করেন ।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এই বিশ্ববিদ্যালয়ের সঙ্গে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম গতিশীল করার ব্যাপারে আগ্রহ প্রকাশ করায় স্পেনের অধ্যাপকদ্বয়কে আন্তরিক ধন্যবাদ জানান।

## যুক্তরাষ্ট্রের প্রতিনিধিদল

যুক্তরাষ্ট্রের নর্থ ক্যারোলিনা ইউনিভার্সিটির অধ্যাপক ড. সিয়ান লুইস কার্টিস-এর নেতৃত্বে ৬-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ৭ আগস্ট ২০২২ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধিদলের অন্য সদস্যরা হলেন অধ্যাপক ড. গুস্তাভো এঞ্জেলেস, ড. কান্তা জামিল, গ্যাব্রিয়েলা এসকুদেরো, আহমেদ আল সাবির এবং সুস্মিতা খান। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় পপুলেশন সায়েন্সেস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. রবিউল হকসহ বিভাগের কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং নর্থ ক্যারোলিনা ইউনিভার্সিটির মধ্যে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও জোরদার করার ব্যাপারে মত বিনিময় করেন।

এর আগে অধ্যাপক ড. সিয়ান লুইস কার্টিস আরসি মজুমদার আর্টস মিলনায়তনে ঢাকা বিশ্ববিদ্যালয় পপুলেশন সায়েন্সেস বিভাগ আয়োজিত 'ফার্টিলিটি ইন বাংলাদেশ' শীর্ষক বক্তৃতা প্রদান করেন।

## বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রতিনিধি

বাংলাদেশে নিযুক্ত বিশ্ব স্বাস্থ্য সংস্থা'র প্রতিনিধি ড. বর্ধন জং রানা গত ৮ আগস্ট ২০২২ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেছেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ মিজানুর রহমান উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-কে সম্মানসূচক ডি-লিট ডিগ্রি (মরণোত্তর) প্রদানের জন্য ২০২২ সালের অক্টোবর-ডিসেম্বর মাসে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিশেষ সমাবর্তন আয়োজনের বিষয়ে অতিথিকে অবহিত করে বলেন, এই বিশেষ সমাবর্তনে সমাবর্তন বক্তা হিসেবে অংশগ্রহণের জন্য ইতোমধ্যেই বিশ্ব স্বাস্থ্য সংস্থার মহাপরিচালক টেড্রোস আধানম গেব্রেইসাস-কে আমন্ত্রণ জানানো হয়েছে। মর্যাদাপূর্ণ এই বিশেষ অনুষ্ঠানে বিশ্ব স্বাস্থ্য সংস্থার মহাপরিচালকের অংশগ্রহণের সম্ভাব্য সময়সূচি নিয়ে বৈঠকে আলোচনা করা হয়।



বাংলাদেশে নিযুক্ত নেদারল্যান্ডসের রাষ্ট্রদূত মি. অ্যান ভ্যান লিউয়েন গত ১০ আগস্ট ২০২২ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।



বাংলাদেশে নিযুক্ত বিশ্ব স্বাস্থ্য সংস্থা'র প্রতিনিধি ড. বর্ধন জং রানা গত ৮ আগস্ট ২০২২ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।



কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সির (কোইকা) কান্ট্রি ডিরেক্টর ডো-ইয়ংআ-এর নেতৃত্বে ১১-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১১ আগস্ট ২০২২ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।



পর্তুগালের ইউনিভার্সিটি অব বেইরা ইন্টেরিয়র-এর অধ্যাপক ড. ক্যাটরিনা মৌরা গত ২৭ জুলাই ২০২২ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।



বৃটিশ কাউন্সিলের কান্ট্রি ডিরেক্টর টম মিসিওসিয়া গত ১০ আগস্ট ২০২২ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।



যুক্তরাষ্ট্রের নর্থ ক্যারোলিনা ইউনিভার্সিটির অধ্যাপক ড. সিয়ান লুইস কার্টিস-এর নেতৃত্বে ৬-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ৭ আগস্ট ২০২২ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।



স্পেনের 'ইউনিভার্সিটি অব সান্তিয়াগো ডি কম্পোসটেলা' এর অধ্যাপক সান্তিয়াগো ফার্নান্দেজ মস্কেরা এবং 'ইউনিভার্সিটি অব করোনা' এর অধ্যাপক মারিয়া জোসেফা মার্টিনেজ লোপেজ গত ৩১ জুলাই ২০২২ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

# বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল স্বর্ণপদক, বৃত্তি প্রদান ও স্মারক বক্তৃতা অনুষ্ঠিত



ঢাকা বিশ্ববিদ্যালয় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের সাহিত্য-সাংস্কৃতিক কর্মকাণ্ডসহ সহশিক্ষা কার্যক্রমে সফলতা অর্জন এবং স্নাতক (সম্মান) শ্রেণির ফাইনাল পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ অর্জনের জন্য তাহিয়া তাহরীম এবং তন্বী রহমান বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল স্বর্ণপদক ২০১৮ ও ২০১৯ লাভ করেছেন। এছাড়া, হলের ১০ শিক্ষার্থীকে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল মেধাবৃত্তি প্রদান করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ৮ আগস্ট ২০২২ হল মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে স্বর্ণপদক, বৃত্তির চেক ও সনদ তুলে দেন।

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব-এর ৯২তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে হলের উদ্যোগে এই স্বর্ণপদক, বৃত্তি প্রদান, স্মারক বক্তৃতা ও আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. নিলুফার পারভীনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল এবং কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত (দ্বিতীয় পৃষ্ঠায় দেখুন)

# তাজউদ্দীন আহমদ অ্যাওয়ার্ড পেলেন ৭জন শিক্ষার্থী

২০১৮ সালের বিএসএস সম্মান পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয় শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের মেধাবী ছাত্রী ত্রপা সরকার 'তাজউদ্দীন আহমদ শান্তি স্বর্ণপদক' লাভ করেছেন। এছাড়া, একই বিভাগের ছাত্রী সানজিদা জামান রাইসাকে 'তাজউদ্দীন আহমদ মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড বৃত্তি' প্রদান করা হয়েছে। রচনা প্রতিযোগিতায় যথাক্রমে প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম স্থান লাভ করায় বিভিন্ন বিভাগের ৫জন শিক্ষার্থীকে 'তাজউদ্দীন আহমদ মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড পুরস্কার' প্রদান করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সুহান রিজওয়ান স্মারক বক্তৃতা প্রদান করেন। স্বাগত ভাষণ দেন 'তাজউদ্দীন আহমদ মেমোরিয়াল ট্রাস্ট ফান্ডে'র দাতা মিসেস শারমিন আহমদ। ধন্যবাদ জ্ঞাপন করেন শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের চেয়ারম্যান সাইফুদ্দীন আহমদ। রেজিস্ট্রার প্রবীর কুমার সরকার অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, তিনি ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের সময় অস্থায়ী সরকারের নেতৃত্ব দিয়েছিলেন। জাতির পিতা বঙ্গবন্ধু




অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ৩১ জুলাই ২০২২ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কৃতী শিক্ষার্থীদের হাতে পদক, বৃত্তি ও পুরস্কার তুলে দেন। বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদের সভাপতিত্বে অনুষ্ঠানে ট্রাস্টি বোর্ডের সদস্য সিমিন হোসেন রিমি এমপি এবং প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বিশিষ্ট কথা সাহিত্যিক শেখ মুজিবুর রহমানের অত্যন্ত বিশ্বস্ত সহচর ছিলেন তিনি। উপাচার্য প্রয়াত তাজউদ্দীন আহমদের আদর্শ অনুসরণের মাধ্যমে নিজেদের সৎ ও দেশপ্রেমিক নাগরিক হিসেবে গড়ে তোলার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

তাজউদ্দীন আহমদ রচনা প্রতিযোগিতায় বিজয়ীরা হলেন- সুমাইয়া খানম (উদ্ভিদবিজ্ঞান), রিফাত ফেরদৌস অনন্যা (প্রাণিবিদ্যা), আরজু আফরিন ক্যাথি (ডেভেলপমেন্ট স্টাডিজ), সুহৃদ সাদিক (বাংলা) এবং ইফরাত জাহান (বাংলা)।

# কবি জসীম উদ্‌দীন হলের ৩৯ শিক্ষার্থীর প্রভোস্ট উপ-বৃত্তি লাভ




ঢাকা বিশ্ববিদ্যালয় কবি জসীম উদ্‌দীন হলের বিভিন্ন শিক্ষাবর্ষের মেধাবী ও অসচ্ছল ৩৯ জন শিক্ষার্থীকে 'প্রভোস্ট উপ-বৃত্তি' প্রদান করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ৩১ জুলাই ২০২২ হল অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশ্ব শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক মাহফুজা খানম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান উপ-বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, এই বৃত্তি প্রদান কার্যক্রম শিক্ষার্থীদের সামাজিক সুরক্ষা নিশ্চিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এর ফলে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা উপকৃত হবে এবং অন্যান্য শিক্ষার্থীরা লেখাপড়ায় অনুপ্রাণিত হবে।

অনুষ্ঠান শেষে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান কবি জসীম উদ্‌দীন হল প্রাঙ্গণে 'শেখ রাসেল গার্ডেন'-এ একটি গাছের চারা রোপণ করেন।

# বরেণ্য সংগীত শিল্পী ফেরদৌসী রহমান এবং সৈয়দ আব্দুল হাদীকে "ফিরোজা বেগম স্মৃতি স্বর্ণপদক ও পুরস্কার" প্রদান




দেশের বরেণ্য সংগীত শিল্পী ফেরদৌসী রহমান এবং সৈয়দ আব্দুল হাদীকে "ফিরোজা বেগম স্মৃতি স্বর্ণপদক ও পুরস্কার" প্রদান করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় "ফিরোজা বেগম স্মৃতি স্বর্ণপদক ট্রাস্ট ফান্ড"-এর উদ্যোগে এই পুরস্কার প্রদান করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২৭ জুলাই ২০২২ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বরেণ্য সংগীত শিল্পী ফেরদৌসী রহমান এবং সৈয়দ আব্দুল হাদীর হাতে স্বর্ণপদক ও পুরস্কার তুলে দেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদের সভাপতিত্বে অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুল বাছির বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য দেন এসিআই ফাউন্ডেশনের চেয়ারম্যান এবং ট্রাস্ট ফান্ডের দাতা এম আনিস উদ দৌলা। ধন্যবাদ জ্ঞাপন করেন সংগীত বিভাগের চেয়ারম্যান ড. দেবপ্রসাদ দাঁ। রেজিস্ট্রার প্রবীর কুমার সরকার অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান 'ফিরোজা বেগম স্মৃতি স্বর্ণপদক ও পুরস্কার' লাভ করায় জনপ্রিয় কণ্ঠশিল্পী ফেরদৌসী রহমান এবং সৈয়দ আব্দুল হাদীকে অভিনন্দন জানান। তিনি বলেন, একজন কিংবদন্তি শিল্পীর নামে প্রবর্তিত স্বর্ণপদক ও পুরস্কার দেশের দু'জন কিংবদন্তি শিল্পী লাভ করলেন। প্রয়াত শিল্পী ফিরোজা বেগমের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে উপাচার্য বলেন, বাংলা সংগীতকে তিনি বিশ্ব দরবারে সমৃদ্ধরূপে উপস্থাপন করেছেন। শ্রম, নিষ্ঠা ও সাধনার মাধ্যমে তিনি নজরুল সংগীতকে বিশ্বব্যাপী ছড়িয়ে দিয়েছেন। তাঁর গুণাবলী ও মূল্যবোধ ধারণ করে সুন্দর সমাজ বিনির্মাণে অবদান রাখার জন্য উপাচার্য নতুন প্রজন্মের প্রতি আহ্বান জানান।

উল্লেখ্য, শিল্পী ফেরদৌসী রহমানকে "ফিরোজা বেগম স্মৃতি স্বর্ণপদক ২০২০" এবং শিল্পী সৈয়দ আব্দুল হাদীকে "ফিরোজা বেগম স্মৃতি স্বর্ণপদক ২০২১" প্রদান করা হয়।

প্রসঙ্গত: শিল্পী ফিরোজা বেগম ১৯৩০ সালের ২৮ জুলাই ফরিদপুরে জন্মগ্রহণ করেন এবং ২০১৪ সালের ৯ সেপ্টেম্বর ইন্তেকাল করেন।

# মৎস্যবিজ্ঞান বিভাগের ১০জন শিক্ষার্থীর বৃত্তি লাভ

ঢাকা বিশ্ববিদ্যালয় মৎস্যবিজ্ঞান বিভাগের 'প্রফেসর মোহাম্মদ শফি ট্রাস্ট ফান্ড' ও 'আমেনা-লতিফ মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড'-এর আওতায় বিভাগের ১০জন শিক্ষার্থীকে গত ৮ আগস্ট ২০২২ বৃত্তি প্রদান করা হয়েছে। উপাচার্য লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তির চেক প্রদান করেন। অনুষ্ঠানে জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. মো. মনিরুল ইসলামসহ শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রফেসর মোহাম্মদ শফি ট্রাস্ট ফান্ড বৃত্তিপ্রাপ্তরা হলেন- নিলুফা ইয়াসমিন, মো. আল জাহিদ, মো. শাফিউজ্জামান ও শাওন আহম্মেদ। আমেনা-লতিফ মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড বৃত্তিপ্রাপ্তরা হলেন- মো. ইমরান খান, রূপেশ দাস, সংগীতা ত্রিপুরা, সুরাইয়া ইসলাম পিয়া, মো. ইমরান খান ও সাদিয়া নাবিলাহ।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান প্রফেসর মোহাম্মদ শফির স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, তিনি ছিলেন পেশাদারিত্বের ক্ষেত্রে সব সময় যত্নশীল। স্বতন্ত্র মূল্যবোধ সম্পন্ন এই গুণী শিক্ষক বিভাগের ভবন তৈরিতে আর্থিক অবদান রেখেছেন। উপাচার্য বৃত্তিপ্রাপ্ত মেধাবী শিক্ষার্থীদের আন্তরিক অভিনন্দন জানান।



## যৌন নির্যাতনের অভিযোগে ১ জন শিক্ষার্থীকে সাময়িকভাবে বহিষ্কার

যৌন নির্যাতনের অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয় যোগাযোগ বৈকল্য বিভাগের মাস্টার্স ১ম সেমিস্টারের শিক্ষার্থী কবির আহমেদকে বিশ্ববিদ্যালয় থেকে সাময়িকভাবে বহিষ্কার করা হয়েছে। গত ৪ আগস্ট ২০২২ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত শৃঙ্খলা পরিষদের এক সভায় বহিষ্কারের এই সিদ্ধান্ত গৃহীত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সভায় সভাপতিত্ব করেন।

সভায় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালসহ বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, রেজিস্ট্রার এবং প্রক্টর উপস্থিত ছিলেন।

**সম্পাদক: মাহমুদ আলম, পরিচালক (জনসংযোগ),** প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম তাসমিন, মো: আবু বকর সিদ্দিক ও শুভাশীষ রঞ্জন সরকার, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম
ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার ও মোঃ জাকির হোসেন। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং ঢাকা বিশ্ববিদ্যালয় প্রেস থেকে মুদ্রিত। ফোন: ৫৫১৬৭৭১৯, ৯৬৬১৯০০-৫৯/৪১০০, ০১৭৫৮৪৯২৪১৫